তারিখ 18 SEP 1991
পৃষ্ঠা ২ কলাম ৫

দৈনিক সংবাদ

129

২৬

### ছাত্রলীগ-শিবির সশস্ত্র সংঘর্ষ

# ইসলামী বিশ্ববিদ্যালয় বন্ধ ছাত্রদের হল ত্যাগের নির্দেশ

কুষ্টিয়া, ১৭ই সেপ্টেম্বর (নিজস্ব সংবাদদাতার ফোন)।– ইসলামী বিশ্ববিদ্যালয়ে আজ বাংলাদেশ ছাত্রলীগ (আ-অ) এবং ইসলামী ছাত্রশিবির পুনরায় সশস্ত্র সংঘর্ষে লিপ্ত হয়। সংঘর্ষের প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেটের জরুরী সভায় প্রথম বর্ষ বাদে সকল বিভাগের ক্লাস এ মাসের ৩০ তারিখ পর্যন্ত বন্ধ করে দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়। কাল দুপুর ১২টার মধ্যে হল ত্যাগ করার জন্য ছাত্রদের নির্দেশ দেয়া হয়েছে। সিণ্ডিকেটের সিদ্ধান্তের প্রতিবাদে ছাত্রদল তাৎক্ষণিকভাবে ক্যাম্পাসে একটি মিছিল বের করে। ছাত্রলীগ ও শিবিরের মধ্যে সংঘর্ষ চলাকালে জামাতে ইসলামী কুষ্টিয়া জেলা শাখার অফিস সেক্রেটারী কোহিনুর আলম (৩০) মোটর সাইকেলযোগে যাবার সময় ধারালো অস্ত্রের আঘাতে আহত হয়। তাকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

এদিকে, দু'দলের রক্তক্ষয়ী সংঘর্ষ থামাতে গিয়ে ইটের আঘাতে আহত হয়েছেন বিশ্ববিদ্যালয়ের ২জন হাউজ টিউটর রুহুল আমিন ও সাইফুল ইসলাম। এছাড়া সংঘর্ষে ছাত্রলীগের পক্ষে ৪ জন আহত হয়।

শিক্ষা দিবস উপলক্ষে ছাত্রলীগ (আ-অ) পূর্ব নির্ধারিত কর্মসূচী অনুযায়ী মিছিল নিয়ে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ঢোকার সময় ছাত্র শিবিরের সশস্ত্র কর্মীরা তাদের ওপর হামলা চালায়। ঘটনাস্থলের সামান্য দূরে এ সময় জেলা পুলিশের বেশ কিছু পদস্থ কর্মকর্তা উপস্থিত ছিলেন বলে প্রত্যক্ষদর্শীরা জানান। কিন্তু তারা এ সময় নীরব দর্শকের মতো দাঁড়িয়ে ছিলেন। সংঘর্ষের জন্য উভয় দল পরস্পরকে দায়ী করেছে।